# মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ২৮/০৪/২০২২ খ্রি.

সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ,বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ মামুন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী** সভায় বলেন তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। মানসম্মত শিক্ষা বাস্তবায়নে মাল্টিমিডিয়া ক্লাস অপরিহার্য। সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম নিশ্চিত করার লক্ষ্যে আইসিটির মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষা প্রচলন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় স্কুল কলেজ ও মাদ্রাসা ০৬(ছয়) দিনের ইনহাউজ প্রশিক্ষণ ১০টি ভেন্যুতে অনুষ্ঠিত হচ্ছে। উক্ত প্রশিক্ষণের সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, শিক্ষা প্রচলন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় স্কুল কলেজ ও মাদ্রাসা ০৬(ছয়) দিনের ইনহাউজ প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালীকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ শিক্ষা অফিসা বাঁশখালী |
| ০২ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী** সভায় আরও জানান, ছাত্র-ছাত্রীদের স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার জন্য অধ্যক্ষ, বাঁশখালী ডিগ্রী কলেজ এবং সুপার, পুইছড়ি ইসলামিয়া কামিল মাদ্রাসা আবেদন করেন। তাঁর আবেদনের পর্যালোচনায় দেখা যায় উক্ত প্রতিষ্ঠানে ওয়াস ব্লক স্থাপন করা হলে শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ কমবে। ছাত্রীদের স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত হলে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত থাকবে। তাই জরুরী ভিত্তিতে ওয়াস ব্লক স্থাপনের জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্প হতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের আওতায় বাঁশখালী ডিগ্রী কলেজে ওয়াস ব্লক স্থাপনের জন্য ১০,০০,০০০/- টাকা এবং পুইছড়ি ইসলামিয়া কামিল মাদ্রাসায় ওয়াস ব্লক স্থাপনের জন্য ১০,০০,০০০/- টাকা বরাদ্দ চেয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অ বাঁশখালি |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | জনাব মোঃ বদরুউদ্দীন চৌধুরী, চেয়ারম্যান, খানখানাবাদ ইউপি সভায় জানান শিক্ষার মান উন্নয়নে সরকার বদ্ধ পরিকর। বর্তমানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীর পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ফলে ছাত্রছাত্রীদের বসার সংকট হয়ে যায়। তাই উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্প হতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাই বেঞ্চ ও লো বেঞ্চ সরবরাহ করলে ছাত্রছাত্রীদের শিক্ষা সহায়ক পরিবেশ সৃষ্টি হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের আওতায় কমপক্ষে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠানে হাই বেঞ্চ ও লো বেঞ্চ সরবরাহ করার নিমিত্ত প্রতিষ্ঠান প্রধানের আবেদন উপজেলা পরিষদে অগ্রায়ণ ও মাসিক সভায় উপস্থাপন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৪/২০২২ ইং

রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

তারিখ ঃ ২৮/০৪/২০২২ খ্রি.

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২২- ৬০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান..............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

মোঃ মামুন
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
বাঁশখালী,চট্টগ্রাম

CamScanner

# মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পষিদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ২৪/১০/২০২১ খ্রি.

সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ,বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ মামুন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী** সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। কোভিড-১৯ এর প্রকোপ কমে যাওয়ায় মাধ্যমিক স্তরের পাঠদান কার্যক্রম চালু হয়েছে। ছাত্রছাত্রীদের পড়ালেখার ঘাটতি কমাতে শিক্ষকদের বিভিন্ন দিক নির্দেশনা দেওয়া হয়েছে। | সভায় আলোচনা শেষে শিক্ষার মানোন্নয়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী |
| | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী** সভায় জানান প্রতি সপ্তাহে ছাত্রীদের ১টি করে আয়রণ ফলিক এসিড খাওয়ানোর কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১৪/১১/২০২১খ্রি: এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা-২০২১ অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সফলভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনা শেষে করোনা কালীন সময়ে সরকারি স্বাস্থ্য বিধি অনুসরণ করে আসন্ন এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা-২০২১ নকলমুক্ত পরিবেশে সুষ্ঠু, সুন্দর ও শান্তিপুর্ণভাবে পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী |
| | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী** সভায় আরও জানান ২০২২ শিক্ষাবর্ষের মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক ষষ্ঠ, সপ্তম, অষ্টম ও নবম শ্রেণির শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে যথাক্রমে ১-৩ জানুয়ারি, ৪-৬ জানুয়ারি, ৮-১০ জানুয়ারি ও ১১-১৩ জানুয়ারি বিতরণ করা হবে। অষ্টম শ্রেণির সকল বিষয়ের বই চলে আসছে কিন্তু ৭ম ও ৯বম শ্রেণির মাত্র ১টি বিষয়ের বই আসছে। | সভায় আলোচনা শেষে ২০২২ শিক্ষাবর্ষের মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক সুষ্ঠুভাবে বিতরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০২ | জনাব আ,ন,ম শাহাদাত আলম, চেয়ারম্যান, কালীপুর ইউ,পি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন করোনাকালীন সময়ে অভিভাবকদের সাথে নিয়মিত যোগাযোগ স্থাপন করে ছাত্রছাত্রীদের লেখাপড়ার খোজ-খবর নেওয়া এবং অনলাইনের মাধ্যমে ছাত্রছাত্রীদের পাঠদান কর্মসূচী অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় আলোচনা শেষে, এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালীকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১০/২০২১ ইং

রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২১-৬০১

তারিখ ঃ ২৪/১০/২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান.............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

মোঃ মামুন
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
বাঁশখালী,চট্টগ্রাম

CamScanner